গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

## অক্টোবর, ২০১৬ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ রফিকুল ইসলাম সেলিম
অতিরিক্ত জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ : ৩০-১০-২০১৬ খ্রিস্টাব্দ।
সভার সময় : সকাল- ১০:০০ ঘটিকা।
সভার স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) এর অফিস কক্ষ, কুড়িগ্রাম।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্ব স্ব ইনোভেটিভ আইডিয়ার কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| 1 | **<u>বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণঃ</u>**<br>সভাপতি উপস্থাপিত সেপ্টেম্বর, ২০১৬ মাসের কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চান। সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | গত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হলো। | সংশ্লিষ্ট (সকল) |
| ২ | **<u>জেলা ও উপজেলা ইনোভেশন টিম এর পুনর্গঠন সম্পর্কে আলোচনাঃ</u>**<br><br>মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক ইনোভেশন টিম গঠন এবং কর্মকর্তাদের বদলী, পদন্নোতি বা অন্যান্য কারণে ইনোভেশন টিম পুনর্গঠন বিষয়ে জানতে চাইলে সহকারী কমিশনার(আইসিটি) সভায় অবহিত করেন যে, উপজেলা হতে উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য পাওয়া যাচ্ছে না । উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন এর নির্দেশনা মোতাবেক জেলা ও উপজেলা ইনোভেশন টিম পুনর্গঠন প্রক্রিয়া ও পুনর্গঠন শেষে এ কার্যালয়কে অবহিত করতে হবে। | জেলা ইনোভেশন অফিসার<br>ও<br>উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম |
| ৩ | **<u>উপজেলা ইনোভেশন টিম এর সভা সম্পর্কে আলোচনাঃ</u>**<br>সভায় উপজেলা ইনোভেশন টিম এর মাসিক সভা সম্পর্কে সভাপতি উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে আলোচনা করার জন্য অনুরোধ করেন। সহকারী কমিশনার (আইসিটি) সভায় অবহিত করেন যে, শুধুমাত্র রাজারহাট উপজেলার ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। অন্যান্য উপজেলা হতে ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। সভাপতি যে সকল উপজেলা হতে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাওয়া গেছে সে সকল উপজেলাকে ধন্যবাদ জানান এবং যে সকল উপজেলা হতে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাওয়া যায়নি সে সকল উপজেলার প্রতি অসন্তোষ প্রকাশ করেন এবং তাগিদপত্র দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর ভ্রমণসূচি অনুযায়ী উপজেলা ইনোভেশন টিমের সভা আয়োজন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১) উপজেলা ইনোভেশন টিম এর সভা যে সকল উপজেলায় জেলা প্রশাসক মহোদয়ের ভ্রমন থাকবেনা সে সকল উপজেলা প্রতি ইংরেজি মাসের ১০ তারিখের মধ্যে অনুষ্ঠান সম্পন্ন করে ২৮তারিখের মধ্যে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।<br>২) জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর ভ্রমণসূচি অনুযায়ী উপজেলা ইনোভেশন টিমের সভা আয়োজন করতে হবে। | উপজেলা ইনোভেশন অফিসার (সকল) কুড়িগ্রাম<br>ও<br>সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম |

চলমান পাতা-২

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪ | **<u>ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে আলোচনাঃ</u>**<br>সভায় ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ আলোচনা করেন। প্রতিমাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন এবং প্রতি বৎসর নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন এবং ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে পূনরায় নির্দেশনা প্রদান করেন। | ১) জেলা ইনোভেশন টিম এর বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম<br><br>২)সহকারী কমিশনার(আইসিটি), কুড়িগ্রাম |
| ৫ | **<u>উপজেলা ইনোভেশন সার্কেল আয়োজন সম্পর্কে আলোচনাঃ</u>**<br>কুড়িগ্রাম সদর উপজেলার বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ অনুযায়ী মার্চ মাসে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু উক্ত সিদ্ধান্ত অনুযায়ী এখন পর্যন্ত সংলাপ আয়োজন করা হয়নি। আগামী মাসের মধ্যে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম-কে পুনরায় অনুরোধ করেন।<br><br>উলিপুর উপজেলার বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ অনুযায়ী মে মাসে এবং চিলমারী উপজেলায় জুন মাসে যে কোন সুবিধাজনক সময়ে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু উক্ত সিদ্ধান্ত অনুযায়ী এখন পর্যন্ত সংলাপ আয়োজন করা হয়নি। আগামী মাসের মধ্যে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর/চিলমারী, কুড়িগ্রাম-কে পুনরায় অনুরোধ করেন। | ১) উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ অনুযায়ী আগামী মাসে যে কোন সুবিধাজনক সময়ে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করতে হবে।<br><br>২) উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ অনুযায়ী আগামী মাসের যে কোন সুবিধাজনক সময়ে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করতে হবে।<br>৩) উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ অনুযায়ী আগামী মাসের যে কোন সুবিধাজনক সময়ে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করতে হবে। | 1) উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর/উলিপুর/ চিলমারী কুড়িগ্রাম |
| ৬ | **<u>সেবা প্রদানে ইনোভেটিভ আইডিয়া এর কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ</u>**<br>উপজেলা পর্যায়ে যে সকল ইনোভেটিভ উদ্যোগ গ্রহণ করা হয় সে সকল ইনোভেটিভ উদ্যোগ এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল) কে সভাপতি পুনরায় অনুরোধ করেন। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দেয়ার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিওসমূহে ইনোভেটিভ আইডিয়া আছে যা স্বল্প যাতায়াত, সময় ও খরচে সম্পন্ন হয় তা নিয়ে সভায় পুনরায় আলোচনা করা হয়। | ১) জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিও সমূহ ও জেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও কোর অফিসারকে ইনোভেটিভ আইডিয়া প্রেরণ করতে হবে। | 1) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম।<br><br>2) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম। |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৭ | **জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ**<br>সভায় জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর তথ্য হালনাগাদ সম্পর্কে আলোচনা হয়। পোর্টালে আপলোডকৃত তথ্যের বস্তুনিষ্ঠতা যাচাই এবং পোর্টালের ছবি ও তথ্যের প্রাসঙ্গিকতা পরীক্ষণ, ওয়েব পোর্টালে তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করা হয়। ওয়েব পোর্টাল হালনাগাদ নেই মর্মে উক্ত সভায় পূনরায় অবহিত করা হয়। জেলা ওয়েব পোর্টাল প্রতিনিয়ত হালনাগাদ এর জন্য জেলা পর্যায়ের সকল দপ্তরকে স্বীয় দপ্তরের তথ্য নিয়মিত আপলোড করণ এবং অনুরূপভাবে উপজেলা পর্যায়ের প্রতিটি দপ্তরের তথ্য আপলোডসহ পোর্টালের প্রতিটি ট্যাব ২৯/০৯/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে পূরণের বিষয়ে তাগিদ পত্র-১ স্মারক নং- ০৫.৪৭. ৪৯০০. ০২৬. ০২.০০২.১৬-২৪৮, তারিখঃ ১৮/০৯/২০১৬খ্রিঃ দেয়া হয়েছিল। সেই মোতাবেক জেলা ও উপজেলা ইনোভেশন টিম জেলা ও উপজেলা পোর্টাল নিয়মিত মনিটরিং এবং উদ্ভূত সমস্যা ও জটিলতা নিরসনে প্রয়োজনীয় কর্মপদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। প্রতি মাসের সভায় জেলা ওয়েব পোর্টালের যে কোন একটি দপ্তরের হালনাগাদ তথ্য নিয়ে আলোচনা করার জন্য সভাপতি জেলা ইনোভেশন টিমের কর্মকর্তা/সদস্যবৃন্দকে অনুরোধ করেন। ওয়েব পোর্টাল সর্ম্পকে উদ্ভূত সমস্যা ও জটিলতা নিরসনে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদ করতে হবে। জেলা ও উপজেলা ইনোভেন টিম জেলা ও উপজেলা পোর্টাল নিয়মিত মনিটরিং করবেন।<br>২। উপজেলা পোর্টালসমূহের হালনাগাদ তথ্য প্রতি মাসের জেলা ইনোভেশন টিম এর সভায় উপস্থাপন করতে হবে।<br>৩। জেলা ওয়েব পোর্টালের যে কোন একটি দপ্তরের হালনাগাদ তথ্য নিয়ে আলোচনা করতে হবে।<br>৪। ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদকরণের জন্য প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর ফোকাল পয়েন্ট<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম<br>৩। সহকারী কমিশনার (আইসটি) কুড়িগ্রাম। |
| ৮ | **ইনোভেটিভ আইডিয়ার পাইলট প্রকল্প সম্পর্কে আলোচনাঃ**<br>সভায় ইনোভেটিভ আইডিয়া সম্পর্কে সভাপতি উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে জানান One Office One idea কার্যক্রমের আওতায় গত ২৬/০৬/২০১৬খ্রিঃ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের উদ্যোগে ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি ও করণীয় শীর্ষক "সোশ্যাল মিডিয়া সংলাপে" মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের জেলা ও উপজেলা পর্যায়ে সকল সরকারি দপ্তরকে ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। উক্ত আলোচনার প্রেক্ষিতে সভাপতি জানান জেলা পর্যায়ের যে সকল দপ্তর এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম তার উপজেলার সকল দপ্তর এখন পর্যন্ত ন্যূনতম একটি আইডিয়া প্রেরণ করেননি তাদের আগামী ২৯/০৯/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করার জন্য তাগিদ পত্র-১ দেয়া হয়েছিল। পত্র নং- ০৫.৪৭.৪৯০০.০২৬.০২.০১৫.১৬-২৪৭,তারিখঃ ১৮/০৯/২০১৬খ্রিঃ। জেলা এবং উপজেলার যে সকল অফিস হতে One Office One idea প্রেরণ করা হয়েছে সভাপতি উক্ত সভায় তাদেরকে ধন্যবাদ জানান। | ১) ইনোভেটিভ আইডিয়া সমূহ জনবান্ধব, সুদূরপ্রসারী এবং ইনোভেটিভ আইডিয়া সমূহ বাস্তবায়নে সরকারের আর্থিক সক্ষমতা বিবেচনায় রেখে জেলা ও উপজেলা প্রশাসন এবং বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহকে সম্পৃক্তকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২) উপজেলা পর্যায়ের ইনোভেটিভ আইডিয়া তাগিদ পত্র-১ মোতাবেক ২৯/০৯/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলেও এখন পর্যন্ত যে সব উপজেলা ইনোভেটিভ আইডিয়া প্রেরণ করেননি তাদের দ্রুত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো। | জেলা ইনোভেশন টিম, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট দপ্তর |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৯ | বিবিধঃ<br>১। কুড়িগ্রাম জেলায় ইনোভেশন টিম এর সদস্যদের নিয়ে ফেসবুক গ্রুপ Innovation Teams, Kurigram বিষয়ে আলোচনা করেন। সভাপতি ইনোভেশন টিম এর সকল সদস্যকে ফেসবুকের উক্ত গ্রুপটিতে সম্পৃক্ত হতে অনুরোধ করেন এবং জনবান্ধবমূলক ছবি ইনোভেশন টিম'স ফেসবুক পেইজে আপলোড করার জন্য অনুরোধ করেন।<br><br>২। কোন কর্মকর্তা বদলি বা অন্য কোন কারণে কর্মস্থল পরিবর্তন করলে তার উদ্যোগটি চলমান রাখার বিষয়ে আলোচনা হয়।<br><br>৩। 2(দুই) দিনের "নাগরিক সেবায় উদ্ভাবন" একটি প্রশিক্ষণ সেপ্টেম্বর, ১৬ মাসে আয়োজন করতে হবে মর্মে উক্ত সভায় আলোচনা করা হয়েছিল। কিন্তু অক্টোবর/১৬ মাসে উক্ত প্রশিক্ষণ আয়োজন না করায় সভাপতি পুনারয় আয়োজন করার জন্য অনুরোধ করেন। | ১) ইনোভেশন সংক্রান্ত ফেসবুক গ্রুপে সকল কর্মকর্তাকে অন্তর্ভূক্তকরণসহ জনবান্ধবমূলক ছবি আপলোড করার জন্য অনুরোধ করেন।<br><br>২) চলমান উদ্ভাবনী সমূহের উদ্ভাবক/কর্মকর্তা বদলি হলে এ কার্যালয়কে অবহিতকরণ করতে হবে ও উদ্যোগটি চলমান রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। 2(দুই) দিনের নাগরিক সেবায় উদ্ভাবনী বিষয়ক একটি প্রশিক্ষণ নভেম্বর/১৬ মাসে আয়োজন করতে হবে। | ১) জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, কুড়িগ্রাম।<br><br>২)সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ রফিকুল ইসলাম সেলিম)
অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি)
কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা ইনোভেশন টিম
ই-মেইলঃ adcictkurigram@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০২৬.০৩.০০৯.১৬-২৯১ তারিখঃ ২৩ কার্তিক, ১৪২3 / ০৭ নভেম্বর, ২০১৬

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার ........................................... (সকল),কুড়িগ্রাম (তাঁকে উপজেলাস্থ সকল দপ্তর/বিভাগকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।

৫। ............................................................
............................................................

স্বাক্ষরিত/-
(মোঃ আব্দুল ওয়ারেছ আনসারী)
সহকারী কমিশনার (আইসিটি)
ফোনঃ ০৫৮১-৬২৪০২
ই-মেইলঃ acictkurigram@yahoo.com

পরিশিষ্ট- “ক” (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃনং | নাম ও পদবী | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ জাফরুল ইসলাম,প্রশিক্ষক(কম্পিউটার),যুব উন্নয়ন অধিদপ্তর, কুড়িগ্রাম | ০১৭১৮৪৬০১৪২ | স্বাক্ষরিত |
| ২ | জনাব এস এম মোসলেম উদ্দিন, জেলা শিক্ষা অফিসার,কুড়িগ্রাম | ০১৭৪৪৪৭৭৬৩৬ | স্বাক্ষরিত |
| ৩ | জনাব মোঃ সদরুল আলম সরকার, কৃষি প্রকৌশলী,কৃষি সম্প্রসারন অধিদপ্তর খামারবাড়ি, কুড়িগ্রাম | ০১৭১৪৫১৩২৫৪ | স্বাক্ষরিত |
| ৪ | জনাব মোঃ শাহজাহান আলী, জেলা তথ্য অফিসার,কুড়িগ্রাম | ০১৭১৬৪৯১২৫৩ | স্বাক্ষরিত |
| 5 | জনাব নয়ন অধিকারী, গবেষণা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, কুড়িগ্রাম | ০১৭৩৭১৮০৭৩৫ | স্বাক্ষরিত |